



POLICE STAFF COLLEGE BANGLADESH



নর্থ সাউথ ইউনিভার্সিটি ও পুলিশ স্টাফ কলেজের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

শিক্ষা, গবেষণা এবং পেশাগত উন্নয়নের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) এবং পুলিশ স্টাফ কলেজের (পিএসসি) মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকায় পুলিশ স্টাফ কলেজে মঙ্গলবার এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে এনএসইউ'র প্রতিনিধিত্ব করেন উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। পিএসসি'র পক্ষে প্রতিনিধিত্ব করেন রেজিষ্টার ড. মল্লিক ফকরুল ইসলাম বিপিএম, পিপিএম। অধ্যাপক আতিকুল ইসলাম বলেন, 'পুলিশ স্টাফ কলেজের সঙ্গে এই চুক্তি একাডেমিক উন্নয়ন এবং সহযোগিতার পরিবেশ গড়ে তোলার প্রতি আমাদের প্রতিশ্রুতির এক উদাহরণ।'

ড. মল্লিক ফকরুল ইসলাম বলেন, 'এই সমঝোতা স্মারকটি আমাদের প্রতিষ্ঠানের মধ্যে একটি কৌশলগত জোটের মাধ্যম গড়ে দেবে, যা কেবল আমাদের ছাত্র এবং শিক্ষকদেরই নয় বরং বৃহত্তর ক্ষেত্রেও অবদান রাখবে।' এই সমঝোতা স্মারকে এনএসইউ এবং পিএসসি বাংলাদেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে তাদের সহযোগিতামূলক প্রচেষ্টাকে এগিয়ে নেওয়ার রূপরেখা তুলে ধরা হয়েছে। চুক্তিতে পারস্পরিক স্বার্থের বিষয়ে যৌথ প্রশিক্ষণ কর্মশালা এবং গবেষণা ও ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে একটি নিরাপদ ও সুরক্ষিত সমাজের প্রচারের মতো উদ্যোগ অন্তর্ভুক্ত রয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি